

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৯৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩২৬. কুরআন নির্ধারিত অংশে ভাগ করে তিলাওয়াত করা প্রসঙ্গে

باب تَحْزِيبِ الْقُرْآنِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، أَخْبَرَنَا قُرَّانُ بُنُ تَمَّامٍ، ح وَحَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ سَعِيدٍ، أَخْبَرَنَا أَبُو خَالِدٍ، وَهَذَا لَفُظُهُ _ عَنْ عَبْدِ اللهِ بْنِ عَبْدِ اللهِ عَلَى عَنْ جُدِّهِ، _ قَالَ عَبْدُ اللهِ عليه وسلم فِي وَفْدِ تَقِيف _ قَالَ _ فَنَزَلَتِ الأَحْلَافُ عَلَى الْمُغِيرَةِ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم بَنِي مَالِكِ فِي قُبَّةٍ لَهُ. قَالَ مُسَدَّدٌ : وَكَانَ فِي الْوَفْدِ النَّذِينَ مَعْدَلُقُنَا وَعَلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم مِنْ تُقِيف قَالَ : كَانَ كُلَّ لَيْلَةٌ يَأْتِينَا بَعْدَ الْغِشَاءِ يُحَدِّثُنَا . قَالَ أَبُو سَعِيدِ قَائِمًا عَلَى رِجْلَيْهِ حَتَّى يُرَاوِحَ بَيْنَ رِجْلَيْهِ مِنْ قُوْمِهِ مِنْ قُرَيْسٍ ثُمَّ يَقُولُ : لَا سَوَاءً كُلَّ مُسْتَدَلِينَ مَعْدَ الْغِشَاءِ يُحَدِّثُنَا ، قَالَ أَبُو سَعِيدِ قَائِمًا عَلَى رِجْلَيْهِ مَنْ قُرُهِ مِنْ قُولِهُ : لَا سَوَاءً كُلَّ مُسْتَصَعْفِينَ مُسْتَدَلِينَ مَ وَأَكْثُرُ مَا يُحَدِّثُنَا مَا لَقِيَ مِنْ قَوْمِهِ مِنْ قُرَيْسٍ ثُمَّ يَقُولُ : لَا سَوَاءً كُلَّ مُسْتَصَعْفِينَ مُسْتَدَلِينَ مَ عَلَيْهُمْ وَيُدَالُونَ عَلَيْنَا، هَلَمَّا حَرَجْنَا إِلَى الْمُدِينَ عَلْ الْوَقْتِ النَّذِي كُنَا مُسْتَدَقِي مِنَ الْقُولُ : لَا سَوَاءً كَنَا مُسْتَدَقِي مِنَ الْقُرْآنِ وَلَى مُسَعِدِ اللهِ عَلَى الْوَقْتِ النَّذِي كَانَتُ لِيَائِنَا وَيَعْمُ اللهِ عَلَى الْوَقْتِ النَّذِي كَانَتُ لَيْلَةً أَيْطًا عَنِ الْوَقْدِ اللهِ صلى الله عليه وَلَى الْوَلَوْدَ : وَحَدِيثُ أَبِي رَسُعِيدٍ أَنَيْ أَنَمُ وَلَا اللهُ وَلُودَ : وَحَدِيثُ أَبِي سَعِيدٍ أَتَمُ .

_ ضعیف

বাংলা



১৩৯৩। 'উসমান ইবনু 'আবদুল্লাহ ইবনু আওস (রাঃ) হতে তার দাদা আওস ইবনু হুযাইফাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা বনু সাক্ষীফ গোত্রের একটি প্রতিনিধি দল সহ আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে যাই। তিনি বলেন, মুগীরাহ ইবনু শু'বাহর সাথে চুক্তিবদ্ধ লোকেরা তার মেহমান হলো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বনু মালিককে তাঁর এক তাঁবুতে স্থান দিলেন। মুসাদ্দাদের বর্ণনায় রয়েছেঃ বনু সাক্ষীফের যে প্রতিনিধি দল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসেছিল তাদের মধ্যে আওস ইবনু হুযাইফাহও ছিলেন।

তিনি বলেন, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) প্রত্যেক রাতে 'ইশার সালাতের পর আমাদের কাছে এসে আমাদের সাথে কথাবার্তা বলতেন। আবূ সাঈদের বর্ণনায় আছেঃ তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) দাঁড়ানো অবস্থায় কথাবার্তা বলতেন এবং (দীর্ঘক্ষণ) দাঁড়ানোর কারণে কখনো এক পায়ের উপর দাঁড়াতেন এবং কখনো আরেক পায়ের উপর। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) অধিকাংশ সময় আমাদেরকে তাঁর কুরাইশ সম্প্রদায়ের পক্ষ হতে তাঁর উপর চালানো নির্যাতনের কথা শুনাতেন এবং বলতেনঃ আমরা ও তারা সমপর্যায়ের ছিলাম না, বরং মক্কায় আমরা ছিলাম অসহায় ও দুর্বল।

অতঃপর আমরা মদীনায় চলে আসার পর যুদ্ধের পাল্লা কখনো আমাদের ও কখনো তাদের মধ্যে পরিবর্তিত হতে থাকে। কখনো আমরা তাদের উপর বিজয়ী হতাম আবার কখনো তারা আমাদের উপর বিজয়ী হতো। এক রাতে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আমাদের কাছে তাঁর আসার নির্দিষ্ট সময় থেকে অনেক দেরীতে আসলেন। আমরা বললাম, আপনি তো আজ রাতে আমাদের কাছে আসতে অনেক দেরী করেছেন। তিনি বললেনঃ কুরআনের যে নির্ধারিত অংশ আমি নিয়মিত তিলাওয়াত করি, তা শেষ না করে এখানে আসা আমি পছন্দ করিনি। আওস (রাঃ) বলেন, আমি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথীদের জিজ্ঞেস করি, প্রতিদিন আপানারা কিভাবে কুরআনকে ভাগ করে পড়েন? তারা বললেন, তিন সূরাহ, পাঁচ সূরাহ, সাত সূরাহ, নয় সূরাহ, এগার সূরাহ, তের সূরাহ এবং এককভাবে মুফাস্সাল সূরাহসমুহ (অর্থাৎ সাত দিনে কুরআন খতম করি)। ইমাম আবু দাউদ (রহঃ) বলেন, আবু সাঈদের হাদীস পরিপূর্ণ।[1]

দুর্বল।

English

Narrated Aws ibn Hudhayfah:

We came upon the Messenger of Allah (ﷺ) in a deputation of Thaqif. The signatories of the pact came to al-Mughirah ibn Shu'bah as his guests. The Messenger of Allah (ﷺ) made Banu-Malik stay in a tent of his.

Musaddad's version says: He was in the deputation of Thaqif which came to



the Messenger of Allah (ﷺ). He used to visit and have a talk with us every day after the night prayer.

The version of AbuSa'id says: He remained standing for such a long time (talking to us) that he put his weight sometimes on one leg and sometimes on the other due to his long stay. He mostly told us how his people, the Quraysh, behaved with him.

He would say: We were not equal; we were weak and degraded at Mecca (according to Musaddad's version). When we came over to Medina the fighting began between us; sometimes we overcome them and at other times they overcome us. One night he came late and did not come at the time he used to come.

We asked him: You came late tonight? He said: I could not recite the fixed part of the Qur'an that I used to recite every day. I disliked to come till I had completed it.

Aws said: I asked the companions of the Messenger of Allah (ﷺ): How do you divide the Qur'an for daily recitation? They said: Three surahs, five surahs, eleven surahs, thirteen surahs' mufassal surahs.

Abu Dawud said: The version of Abu Sa'id is complete.

ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্লায়িম, অনুঃ কতদিনে কুরআন খতম করা মুস্তাহাব, হাঃ ১৩৪৫), আহমাদ (৪/৯) 'উসমান ইবনু 'আবদুল্লাহ ইবনু আওস হতে। 'উসমান ইবনু 'আবদুল্লাহ ইবনু আওস সম্পর্কে হাফিয বলেনঃ মাকবুল। যা জাহালাতের একটি স্তর বিশেষ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন